

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে কিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِي الصَّلَاةِ

আরবী

وَعَن عبيد الله بن أبي رَافع قَالَ: اسْتَخْلَفَ مَرْوَانُ أَبَا هُرَيْرَةَ عَلَى الْمَدِينَةِ وَخَرَجَ إِلَى مَكَّةَ فَصَلَّى لَنَا أَبُو هُرَيْرَةَ الْجُمُعَةَ فَقَرَأً سُورَةَ (الْجُمُعَةِ)
فِي السَّجْدَةِ الْأُولَى وَفِي الْآخِرَة: (إِذا جَاءَك المُنَافِقُونَ)
فَقَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقْرَأ بهما يَوْم الْجُمُعَة. رَوَاهُ مُسلم

বাংলা

৮৩৯-[১৮] 'উবায়দুল্লাহ ইবনু আবৃ রাফি' (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, মারওয়ান আবৃ হুরায়রাহ্ (রাঃ)-কে মদীনায় তার স্থলাভিষিক্ত করে মক্কায় গেলেন। এ সময় আবৃ হুরায়রাহ্ (রাঃ) জুমু'আর সালাতে আমাদের ইমামতি করলেন। তিনি সালাতে সূরাহ্ আল জুমু'আহ্ প্রথম রাক্'আতে ও সূরাহ্ "ইযা- জা-আকাল মুনা-ফিকূন" (সূরাহ্ আল মুনা-ফিকূন) দ্বিতীয় রাক্'আতে তিলাওয়াত করলেন। তিনি বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে জুমু'আর সালাতে এ দু'টি সূরাহ্ তিলাওয়াত করতে শুনেছি। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৮৭৭, তিরমিয়ী ৫১৯, ইবনু মাজাহ্ ১১১৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (سَمِعْتُ رَسُولَ اللهِ الله عَامِّة) ''আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জুমু'আর দিন এ সূরাহ্ দু'টি তিলাওয়াত করতে শুনেছি।'' অর্থাৎ- রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুমু'আর সালাতে প্রথম রাক্'আতে সূরাহ্ মুনা-ফিকূন তিলাওয়াত করেছেন। তাই আমিও জুমু'আর সালাতে এ সূরাহ্ দু'টি দু' রাক্'আতে তিলাওয়াত করলাম।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন